অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/31/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট পুলিশের সুপারিনটেনডেন্ট হিসাবে কাজ করার জন্য স্টিভেন জি. জেমসকে মনোনীত করেন

ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট জেমস 32 বছর ধরে নিউ ইয়র্ক স্টেট পুলিশে কাজ করছেন, সেইসাথে দু দশক ধরে নেতৃত্ব দিয়েছেন

গভর্নর হোকল দায়িত্ব গ্রহণের পর থেকে নিউ ইয়র্ক স্টেট পুলিশের জন্য তহবিল 22% বাড়িয়েছেন এবং অপরাধ দমনে তাদের ভূমিকা সম্প্রসারণ করেছেন

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেট পুলিশের সুপারিনটেনডেন্ট হিসেবে দায়িত্ব পালনের জন্য স্টেভেন জেমসকে মনোনীত করার কথা ঘোষণা করেছেন। ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট জেমস একটি ভারপ্রাপ্ত ভূমিকায় নিউ ইয়র্ক স্টেট পুলিশে নেতৃত্ব দেবেন, কারণ তিনি সেনেটের তরফ থেকে নিশ্চিতকরণের অপেক্ষায় রয়েছেন।

"নিউ ইয়র্ক স্টেট পুলিশের পুরুষ এবং মহিলারা নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে নানান বীরত্বের কাজ করেন, এবং স্টিভেন জি. জেমন এমন একজন সুপারিনটেনডেন্ট হবেন যিনি এই বাহিনীকে পরবর্তী প্রজন্মে নেতৃত্ব দিয়ে নিয়ে যাবেন" **বলেন গভর্নর হোকল।** "কার্যালয়ের দায়িত্ব নেওয়া পর থেকে, আমি নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে অপরাধ মোকাবিলায় এবং আইন প্রয়োগে বিনিয়োগে মনোনিবেশ করেছি এবং নিউ ইয়র্কের মানুষদের নিরাপদ রাখতে আমি ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট জেমসের নিকটে থেকে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছি।"

ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট স্টিভেন জি. জেমস বলেন, "এই সুযোগ জীবনে একবারই আসে, যদি আপনার ভাগ্য ভালো হয়। গভর্নর হোকলের মনোনয়ন আমার কাছে মাথায় করে রাখার মতো কৃতিত্ব আর আমি জানি আমি কতটা ভাগ্যবান যে এই কাজ করার সুযোগ পেয়েছি। আমি স্টেট পুলিশকে কাটিং-এজ নীতিকরণের রঙ্গমঞ্চে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য এবং একটি মডেল এজেন্সি হিসাবে পরিষেবা দেওয়ার জন্য উন্মুখ হয়ে আছি।"

ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট জেমস নিউ ইয়র্ক স্টেট পুলিশে 32 বছরের বেশি সময় ধরে কাজ করেছেন, যার মধ্যে দুই দশকের বেশি সময় একটি নেতৃত্বপূর্ণ ভূমিকায় ছিলেন। অতি সম্প্রতি, তিনি কর্মী সম্পর্ক (Employee Relations) ক্ষেত্রে ডেপুটি সুপারিনটেনডেন্ট হিসাবে কাজ করেন এবং এছাড়াও সহায়ক ডেপুটি সুপারিনটেনডেন্ট , স্টাফ ইন্সপেক্টর, মেজর, ক্যাপ্টেন, লেফটেন্যান্ট, সিনিয়র তদন্তকারী, সার্জেন্ট, তদন্তকারী এবং ট্রুপার হিসাবে কাজ

করেছেন। তাঁর কাছে SUNY আলবানি থেকে সাইকোলজিতে একটি B.S. এবং মারিস্ট কলেজ থেকে পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনে মাস্টার্স ডিগ্রি আছে।

কার্যালয়ের দায়িত্ব নেওয়ার পর থেকে, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট পুলিশের দায়িত্ব সম্প্রসারণ করেছেন এবং গণ সুরক্ষায় উল্লেখযোগ্য বিনিয়োগ করেছেন। গত দু'বছরের বেশি সময় ধরে, এই প্রচেষ্টাগুলোর মধ্যে রয়েছে:

- একটি নতুন বন্দুক নিষেধাজ্ঞা ইউনিট নির্মাণ এবং উদ্ভাবনী বহু-স্টেট এবং আন্তঃস্টেট বন্দুক পাচার টাস্ক ফোর্সের সূচনা।
- আমাদের সামাজিক মাধ্যম ইউনিটকে সম্প্রসারণ করার মাধ্যমে সাইবার-অপরাধ মোকাবিলায় স্টেটের ভূমিকা সম্প্রসারণ।
- ডিজিটাল ফরেনসিক পরিষেবা এবং তদন্তমূলক সাইবার অপরাধ সহ অপরাধমূলক তদন্তে প্রযুক্তির সাথে তাল মেলাতে স্টেট পুলিশে 7.4 মিলিয়ন মার্কিন ডলারের অনুমতি; শিশুদের বিরুদ্ধ অপরাধে যাতে সম্পূর্ণভাবে তদন্ত হয় তা নিশ্চিত করতে শিশুদের বিরুদ্ধে ইন্টারনেটে অপরাধ (Internet Crimes Against Children, ICAC) ইউনিটকে গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান।
- স্থানীয় আইন প্রয়োগের সমর্থনে স্টেট পুলিশ কমিউনিটি স্টেবিলাইজেশন ইউনিট (State Police Community Stabilization Units, CSUs) তৈরি এবং সম্প্রসারণের জন্য 25.9 মিলিয়ন মার্কিন ডলার।
- নভেম্বরে, গভর্নর হোকল বর্ধিত ঘৃণামূলক অপরাধের সমস্যা মোকাবিলায় পাঁচজন অতিরিক্ত ব্যক্তিকে সামাজিক মাধ্যমে বরাদ্দ করেন এবং 10 জন নতুন ব্যক্তিকে JTTF অফিস অফ কাউন্টারটেরর-এ বরাদ্দ করেন।
- স্টেট পুলিশের জন্য একটি নতুন স্যাটেলাইট ক্রাইম ল্যাবেরটরি কিনতে এবং সংস্কার করার জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার। এই নতুন কেন্দ্রটি ফরেন্সিক ইনভেস্টিগেশন সেন্টারের (Forensic Investigation Center) ওপর অত্যাধিক চাপ কমাবে এবং বন্দুক নিয়ে সহিংসতার ঘটনা প্রতিরোধের উদ্যোগে সহায়তা করবে। স্টেট পুলিশের কাছে বর্তমানে আলবানি এলাকায় তিনটি স্ট্যাটেলাইট ক্রাইম ল্যাবেরটরি আছে।
- স্টেট পুলিশ অ্যাকাডেমি ক্লাসের সংখ্যা বাড়াতে 66.7 মিলিয়ন মার্কিন ডলার, কোভিড-19 এর সময় পিছিয়ে যাওয়া অ্যাকাডেমি ক্লাসগুলোর ক্ষতিপূরণ করতে, পাশাপাশি গুরুতর অপরাধের মোকাবিলায় নিবেদিতে ট্রুপারের সংখ্যা বাড়াতে।

এই বছরের FY25 নির্বাহী বাজেট এই প্রচেষ্টাগুলো অব্যাহত রেখেছে এবং খুচরো চুরি আটকাতে স্টেট পুলিশের জন্য দুটি উদ্যোগ অন্তর্ভুক্ত করেছে:

- স্টেট পুলিশের নেতৃত্বে, বন্দুক পাচারের ওপর সফল আন্তঃস্টেট টাস্ক ফোর্সকে মডেল করে, আমাদের অপরাধ বিশ্লেষণ কেন্দ্রের (Crime Analysis Centers), আইন প্রয়োগকারী এজেন্সি এবং প্রসেকিউটরদের মধ্যে সহযোগিতার জন্য খুচরো চুরির যৌথ অপারেশন (Retail Theft Joint Operation) চালু করা হচ্ছে, কিন্তু সংগঠিত খুচরো চুরির অপরাধে মনযোগ দিয়েছে;

- সংগঠিত খুচরো চুরির চক্রগুলোর বিরুদ্ধে মামলা তৈরি করার জন্য একটি নিবেদিত স্টেট পুলিশ টিম নিয়োগ করা হচ্ছে;
- নিউ ইয়র্ক স্টেট পুলিশের স্ম্যাশ অ্যান্ড গ্র্যাব এনফোর্সমেন্ট ইউনিট (New York State Police Smash and Grab Enforcement Unit) নিযুক্ত করা হচ্ছে।

নিউ ইয়র্ক স্টেটের হোমল্যান্ড নিরাপত্তা এবং জরুরি পরিষেবা বিভাগের (New York State Division of Homeland Security and Emergency Services) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "গভর্নর হোকল এটি স্পষ্ট করে দিয়েছেন যে তাঁর প্রথম অগ্রাধিকার হল নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা এবং পরবর্তী স্টেট পুলিশ সুপারিনটেনডেন্টতে মনোনীত করে তিনি তা আবার প্রমাণ করেছেন। নিউ ইয়র্কের হুমকির ল্যান্ডস্কেপ প্রত্যেক বছর বেড়ে চলার ফলে, স্টেট পুলিশের সাথে আমাদের অংশীদারীত্বের আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। আমি গভর্নর হোকলকে ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট জেমসের মতো একজন প্রমাণিত নেতাকে নির্বাচনের জন্য ধন্যবাদ জানাই এবং তাঁর সাথে অংশীদারীত্বের জন্য উন্মুখ হয়ে রয়েছি কারণ আমরা স্টেটজুড়ে কমিউনিটিগুলোকে সুরক্ষিত করার জন্যই কাজ করি।"

নিউ ইয়র্ক স্টেটের সংশোধন এবং কমিউনিটি তত্ত্বাবধান বিভাগের (New York State Department of Corrections and Community Supervision) ভারপ্রাপ্ত কমিশনার ড্যানিয়েল এফ. মার্তুসেলো III বলেন, "স্টেট পুলিশের সাথে নিউ ইয়র্ক স্টেটের DOCCS-এর কাজ করার দীর্ঘ এবং ফলদায়ক ইতিহাস রয়েছে। ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট জেমসের নেতৃত্ব এই চলমান সহযোগিতাকে আমরা অভিনন্দন জানাই এবং প্রত্যাশা রাখি, যাতে আমাদের কমিউনিটিগুলোর নিরাপত্তা নিশ্চিত করা যায়। এছাড়াও আমি স্টেটে গণ নিরাপত্তা সুরক্ষিত করতে ভারপ্রাপ্ত এজেন্সিগুলোর প্রতি গভর্নর হোকলের ক্রমাগত মনোযোগের জন্য তাঁকে ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেটের অপরাধমূলক বিচার পরিষেবা বিভাগের (New York State Division of Criminal Justice Services) কমিশনার রোসেনা রোসাডো বলেন, "পঞ্চাশ বছরের বেশি সময় ধরে, DCJS নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং আমাদের স্থানীয় পুলিশ এজেন্সিগুলোর একটি অবিচল অংশীদার হয়ে রয়েছে। আমরা ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট জেমসের সাথে কাজ করার জন্য উন্মুখ হয়ে রয়েছি যেহেতু আমাদের এই চমৎকার স্টেটের সর্বত্র নিউ ইয়র্কবাসীদের সুরক্ষায় তিনি ট্রুপারদের শ্রেষ্ঠত্ব এবং পেশাদারিত্বের লেগেসি অব্যাহত রেখেছেন। আমরা গণ নিরাপত্তা এবং অপরাধের বিচার নিয়ে গভর্নর হোকলের অতুলনীয় নেতৃত্বের জন্য এবং আমাদের এজেন্সিগুলোয় তার অবিচল সমর্থনের জন্য তাঁকে ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেট পুলিশ ইনভেস্টিগেটর্স অ্যাসোসিয়েশনের (New York State Police Investigators Association) প্রেসিডেন্ট টিম ডায়মন্ড বলেন, "নিউ ইয়র্ক স্টেট পুলিশ ইনভেস্টিগেটর্স অ্যাসোসিয়েশনের তরফ থেকে, আমি নিউ ইয়র্ক স্টেট পুলিশের সুপারিনটেনডেন্ট হিসাবে কর্ণেল স্টেভেন জেমসকে নিয়োগ করার জন্য গভর্নর হোকলের প্রশংসা করি। একজন ট্রুপার হিসাবে যিনি 30 বছরের বেশি সময় ধরে কাজ করেছেন, তাঁর সুনাম দৃষ্টান্তস্বরূপ এবং আমাদের সদস্যরা তাঁর নেতৃত্বে কাজ করতে পারলে গর্বিত হবেন। আমরা BCI এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখতে আমাদের সমবেত প্রচেষ্টাকে শক্তিশালী

করে যেতে, ঐক্যবদ্ধ করতে এবং সমর্থন করতে সুপারিনটেনডেন্ট জেমসের সঙ্গে কাজ করার জন্য উন্মুখ হয়ে আছি।"

নিউ ইয়র্ক স্টেটের গার্ডিয়ান্স অ্যাসোসিয়েশনের (New York State Guardians Association) প্রেসিডেন্স মার্কোস এ. ওয়ালথোর বলেন, "স্টিভেন জেমস একজন প্রমাণিত আইন প্রয়োগকারী কর্মকর্তা যিনি অনেক অভিজ্ঞতা নিয়ে নিউ ইয়র্ক স্টেট পুলিশের এই পদে এসে পৌঁছেছেন। তাঁর নিউ ইয়র্ক স্টেটের মানুষের জন্য নিবেদিত কাজ দৃষ্টান্তমূলক। তিনি একজন পরিপূর্ণ পেশাদার যারা জ্ঞান এবং শক্তিশালী নেতৃত্বই এই সময় এই মুহূর্তে এই এজেন্সির প্রয়োজন। গার্ডিয়ান্স অ্যাসোসিয়েশন স্টেট পুলিশের পরবর্তী সুপারিনটেনডেন্ট হিসাবে গভর্নর হোকলের নির্বাচনকে সাদরে গ্রহণ করেন।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন